# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৩২৫

২৩/ আহার ও তার শিষ্টাচার (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ২৩/৩৭. শসা ও তাজা খেজুর একত্রে মিশিয়ে খাওয়া

بَاب الْقِثَّاءِ وَالرُّطَبِ يُجْمَعَانِ

আরবী

حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ حُمَيْدِ بْنِ كَاسِبٍ، وَإِسْمَاعِيلُ بْنُ مُوسَى، قَالاَ حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ سَعْدٍ، عَنْ أَبِيهِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ جَعْفَرٍ، قَالَ رَأَيْتُ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ يَأْكُلُ الْقِثَّاءَ بِالرُّطَبِ .

বাংলা

২/৩৩২৫। আবদুল্লাহ ইবনে জাফর (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে তাজা খেজুরের সাথে শসা মিশিয়ে খেতে দেখেছি।

## English

It was narrated ‘Abdullah bin Ja’far said:
“I saw the Messenger of Allah (ﷺ) eating cucumbers with dates.”

ফুটনোট

সহীহুল বুখারী ৫৪৪০, ৫৪৪৭, ৫৪৪৯, মুসলিম ২০৪৩, তিরমিযী ১৮৪৪, আবূ দাউদ ৩৮৩৫, আহমাদ ১৭৪৩, ১৭৫২, দারেমী ২০৫৮, রাওদুন নাদীর ৩৭৮, সহীহাহ ৫৬, মুখতাসারুশ শামাইল ১৬৯।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী ১. ইয়াকুব বিন হুমায়দ বিন কাসিব সম্পর্কে আবু জা'ফার আল-উকায়লী বলেন, তার হাদিসের অনুসরণ করা যাবে না। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় ভুল করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৭০৮৬, ৩২/৩১৮ নং পৃষ্ঠা) ২. ইসমাইল বিন মুসা সম্পর্কে আবু হাতিম আর-রাযী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সংমিশ্রণ করেন, তার ব্যাপারে শীয়া মতাবলম্বী হওয়ার অভিযোগ রয়েছে। ইমাম যাহাবী বলেন,

তিনি সত্যবাদী তবে শীয়া মতাবলম্বী। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪৯১, ৩/২১০ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু জা'ফার (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44289

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন